# বীয়িং ডিজিটাল ②

*পূর্বভাষ ঃ এমআইটি মিডিয়া ল্যাবরেটরীর পরিচালক নিকোলাস নেগ্রোপন্টে ভবিষ্যতের পৃথিবী প্রসঙ্গে চমৎকার সব ভাবনার কথা বলেছেন তার বই বীয়িং ডিজিটাল-এ। তিনি বলেছেন, 'এটম' নয় আগামীর বিশ্বে বাণিজ্যসহ সবক্ষেত্রে বিনিময় ঘটবে বিট-এর। তখন কোন টিভি সেট নির্মাণ প্রতিষ্ঠান থাকবে না। আবার এখন যেমন দর্শক তার ইচ্ছামত কালার, চ্যানেল, স্বচ্ছতা নিয়ন্ত্রণ করতে পারে তখন দৃশ্যকে এডিট করার ক্ষমতা অর্জন করবে দর্শক নিজেই। ফলে আগামী দিনে তথ্য মহাসড়কে অনেক সৃষ্টিশীল বিষয়ের অবতারণা ঘটবে যদি না 'বিট পুলিশ' বাধা দেয়।*

*এবার প্রকাশিত হচ্ছে লেখার দ্বিতীয় কিস্তি। লিখেছেন গোলাম নবী জুয়েল।*

তথ্য কিংবা বিনোদন পাঁচভাবে বাসাবাড়িতে পৌছতে পারে। এগুলো হলোঃ স্যাটেলাইট, রাজ্যের স্থানীয় সম্প্রচার, ক্যাবল, টেলিফোন এবং এটম আকারে অর্থাৎ ক্যাসেট, সিডি ও মুদ্রিত আকারে। যুক্তরাষ্ট্রে ফেডারেল কমিউনিকেশন্স কমিশন (এফসিসি) বাসাবাড়িতে তথ্য ও বিনোদনের প্রবাহপথকে নিয়ন্ত্রণ ও সমন্বয় সাধনের মাধ্যমে জনসাধারণকে সেবা প্রদান করে থাকে। কিন্তু এই কাজটি সহজ কিছু নয়। প্রায়শ এফসিসিকে কঠিন অবস্থা মোকাবেলা করতে হয়। অবস্থাটি হলো সিদ্ধান্ত সংক্রান্ত। কোনটি সংরক্ষণ করা হবে, কোনটি মুক্ত করে দেয়া হবে, কোন্‌টি সর্ব সাধারণের, কোন্‌টি সীমিত প্রচারের, কোন বিষয়টি প্রতিযোগিতামূলক আবার কোনটি একক আধিপত্যে থাকা উচিত– এমন সব বিষয়ে সিদ্ধান্ত দিতে হয় এফসিসিকে।

এফসিসিকে আরো একটি বিষয় নিশ্চিত করতে হয় তা হলো স্পেকট্র্যামের নির্বিঘ্নতা। স্পেকট্র্যাম ব্যবহৃত হয় তারবিহীন যোগাযোগে। স্পেকট্র্যাম হলো এমন একটি ব্যবস্থা যা সকলের দখলে থাকে, তারা সেটি ব্যবহার করতে পারে কোনরকম বাধা ছাড়া। এতে বিঘ্ন তৈরি হওয়া মানে প্রচারে বিঘ্ন হওয়া অর্থাৎ এক ধরনের সিগনালের সঙ্গে অপর মাধ্যমের সঙ্ঘর্ষ হওয়া যেমন টেলিভিশনের সিগন্যালের সঙ্গে সেলুলার ফোনের কিংবা রেডিও সিগন্যালের সঙ্গে মেরিন ভিএইচএফ-এর। এ কারণেই আকাশ মহাসড়কে ট্রাফিক কন্ট্রোলের প্রয়োজন আছে।

**বিট বাণিজ্যে লাইসেন্স**

সাম্প্রতিককালে স্পেকট্র্যামের কিছু অংশ নিলামে উচ্চ মূল্যে বিক্রয় করা হয়েছে সেলুলার টেলিফোন ও ইন্টারঅ্যাকটিভ ভিডিও-র জন্য। স্পেকট্র্যামের অন্য অংশগুলো বিনামূল্যে ব্যবহারের জন্য দেয়া হয়েছে, তবে এই শর্তে যে এগুলো জনস্বার্থে ব্যবহৃত হবে। যেমন বিজ্ঞাপন সমর্থিত টেলিভিশন কেন্দ্র। এ ধরনের টেলিভিশন কেন্দ্রের অনুষ্ঠান দর্শকরা 'বিনামূল্যে' দেখে। তবে দর্শকরা এ ধরনের অনুষ্ঠান দেখার বিনিময়েও মূল্য পরিশোধ করে যখন তারা টেলিভিশনে বিজ্ঞাপিত পণ্যটি ক্রয় করে।

এখন যারা টেলিভিশন সম্প্রচার কেন্দ্রের স্বত্বাধিকারী এফসিসি তাদেরকে বিনামূল্যে অতিরিক্ত ৬ মেগাহার্টজ স্পেকট্র্যাম দিচ্ছে এইচডিটিভির জন্য এই শর্তে যে আগামী পনর বছরের মধ্যে তারা তাদের জন্য বরাদ্দকৃত পূর্বের ৬ মেগাহার্টজসহ মোট ১২ মেগাহার্টজ ফেরত দিবে। তার মানে বর্তমানে যারা সম্প্রচারকারী তারা মোট ১২ মেগাহার্টজ পনর বছরের জন্য ব্যবহারের সুযোগ পাচ্ছে। তাদেরকে এই সুযোগ দেয়া হচ্ছে বর্তমানের টেলিভিশনকে ভবিষ্যতের টেলিভিশনে উত্তরণের জন্য।

ছয় বছর আগে এই ধারণাটি যখন প্রয়োগের উদ্যোগ সম্পন্ন হয় তখন এটি আক্ষরিক অর্থে চমৎকার এক সিদ্ধান্ত ছিল। কারণ তখন এনালগের এক অবস্থা থেকে অন্য অবস্থায় উত্তরণের চিন্তা কাজ করছিল। তারপর হঠাৎ করেই এইচডিটিভি হয়ে গেল ডিজিটাল। এখন আমরা জানি কিভাবে ৬ মেগাহার্টজ চ্যানেলে প্রতি সেকেন্ডে ২০ মিলিয়ন বিট প্রেরণ করা যায়। পরিবর্তনটি ঘটল আকস্মিকভাবে, কোথাও আবার অপ্রত্যাশিতভাবে।

কল্পনা করা যাক আপনি কোন একটি টিভি স্টেশনের স্বত্বাধিকারী এবং এফসিসি আপনাকে সেকেন্ডে ২০ মিলিয়ন বিট সম্প্রচারের জন্য লাইসেন্স প্রদান করেছে। বিষয়টি স্পষ্ট যে আপনাকে শুধুমাত্র টেলিভিশন অনুষ্ঠান সম্প্রচারের জন্য লাইসেন্স প্রদান করা হয়েছে কিন্তু বাস্তবে আপনি কী করবেন?

আপনি যদি খুব সৎ হোন তবে এইচডিটিভি সম্প্রচার করবেন কিন্তু এর দর্শক কম। আবার দর্শকদের প্রকৃতিও ভিন্নতর। আপনি যদি একটু চালাক হোন তবে চারটা চ্যানেলে ডিজিটাল এনটিএসসি টেলিভিশন প্রোগ্রাম সম্প্রচার করবেন (প্রতিটির জন্য প্রয়োজন হবে সেকেন্ডে পাঁচ মিলিয়ন বিটস), এভাবে আপনার দর্শকও বেশি হবে আবার বিজ্ঞাপন থেকে আয়ও হবে বেশি। আপনি যদি আরো চালাক হোন তবে হয়তো আপনি সেকেন্ডে ১৫ মিলিয়ন বিটস ব্যবহার করে তিনটি টিভি চ্যানেল চালু রাখবেন এবং অবশিষ্ট ৫ মিলিয়ন বিটের দ্বারা দুটি ডিজিটাল রেডিও, একটি স্টক-ডাটা (শেয়ারবাজার সংক্রান্ত তথ্য) সম্প্রচার ব্যবস্থা এবং একটি পেজার সার্ভিস চালু করবেন।

রাতে যখন টিভি দর্শক কমে যায় তখন হয়তো আপনি আপনার জন্য বরাদ্দকৃত বিটের কিছু অংশ ইথারে ছেড়ে দিতে পারেন সংবাদপত্র বিতরণের কাজে ব্যবহারের জন্য। আবার শনিবারে কোন একটি বিশেষ অনুষ্ঠানের সুষ্ঠু সম্প্রচারের স্বার্থে আপনি হয়তো আপনার জন্য বরাদ্দকৃত বিটের পুরোটাই ব্যবহার করতে পারেন। এভাবে আপনি নিজেই হয়ে উঠতে পারেন আপনার এফসিসি!

মার্কিন ফেডারেল কমিউনিকেশন্স কমিশন সম্প্রচারকারীদের জন্য নতুন এইচডিটিভি স্পেকট্র্যাম যে উদ্দেশ্যে বরাদ্দ করেছিল তা বিট সম্প্রচার ব্যবসায়ীদের তীব্র লালসার কারণে বাস্তবায়িত হতে পারেনি। কারণ ব্যবসায়ীরা উপলব্ধি করল এফসিসি তাদের যে সুবিধা দিয়েছে তা শুধু স্পেকট্র্যামকে দ্বিগুণই করে নাই পাশাপাশি বিনামূল্যে পনর বছরের জন্য তাদের সম্প্রচার ক্ষমতা ৪০০ শতাংশ বাড়িয়েছে।

তাহলে কি আমরা নতুন বরাদ্দকৃত স্পেকট্র্যাম ও এর প্রতি সেকেন্ডে ২০ মিলিয়ন বিটস শুধুই যেন এইচডিটিভির জন্য ব্যবহৃত হয় তা নিশ্চিত করতে 'বিট পুলিশ' নিয়োগ করব? আমি অন্তত এমনটি আশা করি না।

**পাল্টে যাচ্ছে বিট সে সঙ্গে সব কিছু**

এনালগের দিনগুলোতে এফসিসি'র জন্য স্পেকট্র্যাম বরাদ্দের কাজটি অনেক সহজ ছিল। তারা সহজেই টেলিভিশন, রেডিও, সেলুলার ফোনের জন্য বরাদ্দকৃত স্পেকট্র্যাম নির্ধারণ করতে পারত। কিন্তু বিশ্ব যখন ডিজিটাল হলো তখন ভিন্ন ভিন্ন করে টেলিভিশন, রেডিও, সেলুলার ফোন চিহ্নিত করা কঠিন হয়ে উঠল। ক্ষেত্র বিশেষে এটি অসম্ভবের পর্যায়ে উপনীত হলো। কারণ এখানে সবই 'বিট'। এগুলো হতে পারে রেডিও বিটস, টিভি বিটস বা অন্য কোন বিটস। কিন্তু এটি যে 'বিট' সে বিষয়ে কোন সন্দেহ নেই।

এদিকে আগামী পাঁচ বছরের মধ্যে টেলিভিশন সম্প্রচারে এতটাই বিষ্ময়কর পরিবর্তন ঘটবে যা এ মুহূর্তে উপলব্ধিতে আনাও সম্ভব হচ্ছে না। সে সময়ে এফসিসির পক্ষে বিট নিয়ন্ত্রণ করা হবে দুঃসাধ্য এক ব্যাপার যা কল্পনা করাও যায় না। তবে ধারণা করা যায় তখন বিষ্ময়কর এক নিয়ন্ত্রণ ব্যবস্থাও চালু হবে।

একথা তো সত্যি টিভি কিংবা অন্য মাধ্যমে তথ্য সরবরাহ থেকে যখন বেশি আয় হবে তখন কেউ তার জন্য বরাদ্দকৃত ২০ মিলিয়ন বিট রেডিও'র সম্প্রচারে ব্যয় করবে না। বরং প্রত্যেকে তার বরাদ্দপ্রাপ্ত স্পেকট্র্যাম সপ্তাহের বিশেষ দিনে, কিংবা দিনের বিশেষ সময়, ছুটির দিন অথবা বিশেষ ঘটনার উপর ভিত্তি করে ব্যয় করবে। তখন সেবার মানেও আসবে এক অত্যাশ্চর্য পরিবর্তন। প্রতিযোগিতার ঐ বিশ্বে সফল হবেন তিনি যিনি জনগণের চাহিদার সঠিক বিশ্লেষণ করে যথাসময়ে সঠিকভাবে বিটের ব্যবহার ঘটাতে পারবেন।

আশা করা যায় অদূর ভবিষ্যতে সম্প্রচারকারীগণ সম্প্রচারের মুহূর্তে বিটকে একটি মাধ্যম (টিভি রেডিও ইত্যাদি)-এর জন্য নির্দিষ্ট করে দিবে। তখন প্রেরক গ্রাহককে বলবে টিভি বিটস এসেছে কিংবা রেডিও অথবা পত্রিকা ওয়াল স্ট্রিট জার্নাল।

কিন্তু দূর ভবিষ্যতে বিট যখন প্রেরক যন্ত্র ছেড়ে আসবে তখন সেটি কোন নির্দিষ্ট মাধ্যমে আবদ্ধ থাকবে না।

উদাহরণ হিসেবে আবহাওয়ার কথা ধরা যাক। একজন মানুষ প্রথাগতভাবে ম্যাপ, চার্ট ইত্যাদির ব্যবহার দ্বারা আবহাওয়ার সংবাদ দিচ্ছে এমনটার পরিবর্তে ভাবুন আবহাওয়ার একটি কমপিউটার মডেল তৈরি করে বিট আকারে পাঠিয়ে দেয়া হলো। যেটি আপনি আপনার কমপিউটার-টিভিতে গ্রহণ করলেন। এবার আপনি কমপিউটারে বুদ্ধিমত্তার অন্তর্নিহিত ও বাহ্যিক ব্যবহার ঘটিয়ে ইচ্ছামাফিক বিটগুলো থেকে ভয়েস রিপোর্ট, ম্যাপ প্রিন্ট করা কিংবা অন্য কোন আকারে আবহাওয়ার তথ্য জেনে নিতে পারেন। আগামীর স্মার্ট টিভি আপনার জন্য এই কাজগুলো আজ্ঞাবহ দাসের মতো করবে। এই উদাহরণ থেকে স্পষ্ট যে আবহাওয়ার সংবাদটি গ্রহণকারী কিভাবে গ্রহণ করছেন অর্থাৎ ভিডিও, অডিও কিংবা প্রিন্ট আকারে তা সম্প্রচারকারী জানতেও পারছেন না। গ্রহণকারীর রুচি ও ইচ্ছাভেদে একই তথ্য বিভিন্ন ধরনে উপস্থাপিত হবে বিভিন্ন কমপিউটার প্রোগ্রামের বদৌলতে। এটি তারপর সংরক্ষণ করা হবে কিনা তাও নির্ধারণ করবেন আপনি, অর্থাৎ ব্যবহারকারী।

এর ফলে তথ্য নিয়ন্ত্রণের বর্তমান ধরনটি নিশ্চিতভাবে বদলে যাচ্ছে।

**বিট পুলিশ সেন্সরশীপের প্রতিশব্দ নয়**

পাঠকদের কেউ হয়তো বা ভাবতে পারেন 'বিট পুলিশ' বিষয়বস্তু অনুমোদনকারীর সমর্থক কোন শব্দ।

